বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ
www.btrc.gov.bd

**স্মারক নম্বর:** ১৪.৩২.০০০০.০০০.৬০০.৩১.০০০১.২১.৩৯৭

তারিখ: ১১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **ADN International Gateway Limited এর অনুকূলে "International Internet Gateway (IIG)" এর ট্যারিফ অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র: ১) ADN International Gateway Limited (AIG) এর আবেদন।
২) বিটিআরসি'র স্মারক নং-১৪.৩২.০০০০.০০০.৬০০.৩৭.০০০১.২২.২৩৫ তারিখঃ ১৭/০২/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ-১ এর পত্রের মাধ্যমে International Internet Gateway (IIG) কার্যক্রম পরিচালনা জন্য আপনার প্রতিষ্ঠান কর্তৃক ট্যারিফ অনুমোদনের জন্য আবেদনের প্রেক্ষিতে সূত্রস্থ -২ নং পত্রের শর্ত মোতাবেক নিম্নোক্ত 'ছক' অনুযায়ী ট্যারিফ, ট্যারিফের শর্ত এবং সেবা ও সেবার মান নিশ্চিতে Grade of Service (GoS) -এর অনুমোদন 'ADN International Gateway Limited (AIG)' এর অনুকূলে নির্দেশক্রমে প্রদান করা হলোঃ

<u>ADN International Gateway Limited (AIG)-এর IIG- ট্যারিফ</u>

| IIG BW Slab | Floor- Ceiling (price/Mbps) in Tk. |
|---|---|
| 1-5000 Mbps | 160-210 |
| 5001-10000 Mbps | 150-200 |
| 10001-25000 Mbps | 140-190 |
| 25001-100000 Mbps | 130-180 |
| 100001Mbps & Above | 120-170 |

**<u>ট্যারিফের শর্তসমূহঃ</u>**

১) বিটিআরসি'র লাইসেন্সধারী সকল সরকারি/বেসরকারি International Internet Gateway (IIG) প্রতিষ্ঠান সরকার কর্তৃক নির্ধারিত সেবার ক্ষেত্রে উল্লেখিত ট্যারিফটি জারীর তারিখ হতে প্রাথমিকভাবে ৫ (পাঁচ) বছরের জন্য নির্ধারিত থাকবে এবং পরবর্তীতে নতুন করে ট্যারিফ নির্ধারিত না হলে কমিশনের অনুমোদনক্রমে তা বলবৎ থাকবে। তবে কমিশন বাজার চাহিদা ও গ্রাহক স্বার্থ বিবেচনায় যে কোন সময় ইহা পরিবর্তন করতে পারবে;

২) যে কোন মূল্য নির্ধারিত Floor & Ceiling এর মধ্যে বিদ্যমান থাকবে এবং ঢাকাতে Floor ও ঢাকার বাহিরে Floor এবং Ceiling এর মধ্যে প্রযোজ্য হবে;

৩) গ্রাহক সেবা নিশ্চিতে Quality of Service & Experience-কে বিবেচনায় নিয়ে প্রতিটি সেবার মানদন্ড নির্ধারণে নিম্নবর্ণিত 'Grade of Service (GoS)' বজায় রাখতে হবে;

৪) ১০ জিবিপিএসের চেয়ে বেশি ভলিউমের জন্য, প্রত্যেকটি ক্রয় আদেশ সর্বনিম্ন ৬ মাস বহাল থাকবে উক্ত সময়ে কোন ডাউন গ্রেডেশন করা যাবে না, তবে সেবা সরবরাহকারী ন্যূনতম আপটাইম (GoS অনুযায়ী) সরবরাহ করতে ব্যর্থ হলে সেবা গ্রহনকারী (Client) তার আগেই সংযোগ বিচ্ছিন্ন করতে পারবে;

৫) ৩০ জিবিপিএসের চেয়ে বেশি ভলিউমের জন্য, প্রত্যেকটি ক্রয় আদেশ সর্বনিম্ন ১২ মাস বহাল থাকবে এবং উক্ত সময়ে কোন ডাউন গ্রেডেশন করা যাবে না, তবে সেবা সরবরাহকারী ন্যূনতম (GoS অনুযায়ী) সরবরাহ করতে ব্যর্থ হলে সেবা গ্রহনকারী (Client) তার আগেই সংযোগ বিচ্ছিন্ন করতে পারবে;

৬) সকল ধরনের সেবা কমিশনের অনুমোদিত IIG পপগুলো থেকে সরবরাহ করা হবে।

৭) IIG নীতিমালার শর্ত নং- ১৪.০১ অনুযায়ী সরকার কর্তৃক অনুমোদিত ট্যারিফের আদলে সকল সরকারি এবং বেসরকারি লাইসেন্সধারী IIG প্রতিষ্ঠানকে কমিশন হতে প্রয়োজনীয় ট্যারিফ অনুমোদন গ্রহণ করতে হবে;


৮) IIG কর্তৃক কমিশন হতে অনুমোদিত ট্যারিফ চার্ট নিজস্ব ওয়েব সাইটে প্রকাশ করতে হবে এবং অনুমোদিত সেবা বা ট্যারিফ- এ কোন প্রকার পরিবর্তন বা সংযোজন করা যাবে না;

৯) ট্যারিফের বাহিরে অনুমোদন ব্যতীত কোন সেবা/প্রোডাক্ট পরিচালনা করলে বাংলাদেশ টেলিযোগাযোগ আইন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে কমিশন আইনানুগ ব্যবস্থা গ্রহন করবে;

১০) গ্রাহক অভিযোগ (টিকেটিং নাম্বার সহ) দ্রুততার সাথে সমাধান করতে হবে, গ্রাহক কর্তৃক কোন অভিযোগ প্রাপ্ত হলে বিটিআরসি প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহন করবে এবং গ্রাহক অভিযোগ ও অভিযোগ সমাধানের তথ্য কমপক্ষে ছয় (৬) মাসের জন্য সংরক্ষণ করতে হবে।

**Grade of Service (GoS)**

| GRADE | Quality of Service (QoS) | Quality of Experience (QoE) |
|---|---|---|
| A | Multiple Upstream redundancy | Up Time : **99.9%** |
| | PoP with Multiple NTTN path redundancy | Down Time : Maximum **526 minutes** a Year |
| | 24/7/365 NOC and Care Service | Key Account Manager (KAM): **Dedicated** |
| | Client's Login to Customize Report | **Penalty** to operator against GoS |
| B | Upstream redundancy | Up Time : **99.00%** |
| | PoP with NTTN path redundancy | Down Time : Maximum **5,256 minutes** a Year |
| | 24/7/365 NOC and Care Service | Key Account Manager (KAM): **Dedicated** |
| | Customized and monthly report | **Penalty** to operator against GoS |
| C | Upstream redundancy | Up Time : **98.00%** |
| | PoP with NTTN path | Down Time : Maximum **10,512 minutes** a Year |
| | 24/7/365 NOC and Care Service | Key Account Manager (KAM) |
| | Templated Monthly Report to Client | **Penalty** to operator against GoS |
| **NOTE** : Any interruption due to failure of NTTN, Submarine or DOT devices (ie. DPI) will be excluded from this uptime. | | |



২৫-০৩-২০২৬
কাজী মোঃ আহসানুল হাবীব মিথুন
উপ পরিচালক


Managing Director, ADN International Gateway Limited (AIG)।

**স্মারক নম্বর:** ১৪.৩২.০০০০.০০০.৬০০.৩১.০০০১.২১.৩৯৭/১ (৩)

তারিখ: ১১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
২। পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এবং
৩। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।



২৯-০৩-২০২৬
মোঃ মশিউর রহমান
সিনিয়র সহকারী পরিচালক